গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
শাল্লা, সুনামগঞ্জ।

শাল্লা উপজেলা পরিষদের ডিসেম্বর-২০২১ মাসের সাধারণ সভার কার্যবিবরণী :

সভাপতি: চৌধুরী আব্দুল্লাহ আল মাহমুদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাল্লা।

সভার স্থান: উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ

সভার সময়: সকাল ১১.০০ ঘটিকা

সভার তারিখ: ৩০/১২/২০২১ খ্রি:

সভায় উপস্থিতি: পরিশিষ্ট-“ক”

| আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন | সভার প্রারম্ভে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন থাকলে তা উপস্থাপনের জন্য সভার দৃষ্টি আকর্ষন করা হয়।<br><br>সিদ্ধান্ত: কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | |
| | উপজেলা পরিষদের স্থায়ী কমিটি গুলো সক্রিয় নয় মর্মে পরিষদের মূখ্য নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন। এ বিষয়ে সভাপতি গভীর ক্ষোভ প্রকাশ করেন।<br><br>সিদ্ধান্ত: উপজেলা পরিষদের স্থায়ী কমিটিগুলোর সভা নিয়মিত সম্পন্ন করে সভার নোটিশ ও সভার হাজিরাসহ কার্যবিবরণী যথাসময়ে প্রেরণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | সভাপতি/সদস্য সচিব সংশ্লিষ্ট কমিটি |
| | স্বাস্থ্য বিভাগ: উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা জানান যে, ঠিকা কার্যক্রমে সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় লক্ষ মাত্রা সম্পন্ন হওয়ায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। ল্যাব টেকনিশিয়ান নিয়োগের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এক্সরে মেশিনের জন্য একজন ল্যাব টেকনিশিয়ান পদায়ন করা হবে মর্মে সভাকে অবহিত করেন। করোনা ভ্যাকসিন কার্যক্রম চলমান রয়েছে।<br><br>সিদ্ধান্ত: এক্সরে মেশিনের জন্য একজন ল্যাব টেকনিশিয়ান পদায়ন করার জন্য উদ্ধর্তন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করার বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ বিভাগ, শাল্লা। |
| | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ: উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, তাদের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। রাহতলা পরিবার পরিকল্পনা কেন্দ্র মেরামত ও সংস্কার প্রয়োজনীয় চাহিদা পূণরায় দাখিল করার জন্য বলা হয়েছে। মান উন্নত পরিবার পরিকল্পনা কেন্দ্র শাল্লায় গত মাসে ০৭ টি ডেলীভারী সম্পন্ন করেন। তাছাড়া শিশু ও সাধারণ সেবা প্রদান করা হয়।<br><br>সিদ্ধান্ত: উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্য্যক্রম আরো গতিশীল করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শাল্লা। |
| | উপজেলা প্রকৌশলী: উপ-সহকারী প্রকৌশলীর প্রতিনিধি জানান যে তার বিভাগীয় কার্য্যক্রম ভালভাবে চলছে।<br><br>সিদ্ধান্ত: তাদের বিভাগীয় কার্য্যক্রম আরো গতিশীল করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, এল জি ই ডি, শাল্লা। |
| | প্রাণিসম্পদ বিভাগ: প্রাণী সম্পদ সম্প্রসারণ কর্মকর্তা সভায় জানান যে তাদের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে এবং এফএমডি বাদলা তরকা সহ বিভিন্ন রোগের ভ্যাকসিন প্রোগাম চলমান রয়েছে।<br>সিদ্ধান্ত: এফ এমডি বাদলা বিভিন্ন তরকা রোগের ভ্যাকসিন আরো গতিশীল করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রনিসম্পদ কর্মকর্তা, শাল্লা। |

| | | |
|---|---|---|
| | উপজেলা কৃষি বিভাগ: উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, রোপা আমন কর্তন প্রায় শেষের দিকে হাওরে ৭০% জমি রোপা আমন করা হয়েছে। প্রতি মাসে তাদের বরাদ্দ অনুযায়ী সার উত্তোলণ করা হয়। খুচরা সার বিক্রেতার বিজ্ঞপ্তির প্রতিটি শূণ্য ওয়ার্ডের বিপরীতে প্রকাশ করা হয়েছ। ০১ নং আটগাঁও ইউনিয়ের ৩,৪,৫ নং ওয়ার্ড ও ২ নং হবিবপুর ইউনিয়নের ০৪ নং ওয়ার্ড ৩ নং বাহাড়া ইউনিয়নের ০১ নং ওয়ার্ড ও ৪ নং শাল্লা ইউনিয়নের ০৮ নং ওয়ার্ডের বিপরীতে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়।<br><br>সিদ্ধান্ত: খুচরা সরা বিক্রেতার দ্রুত আবেদন পত্র নিয়ে স্ব-স্ব ওয়ার্ডের বিপরীতে নিয়োগ দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, শাল্লা। |
| | উপজেলা শিক্ষা অফিস: উপজেলা শিক্ষা অফিসার জানান যে, প্রাথমিক শিক্ষাস্থরের বিনা মূলে সকল পাঠ্যপুস্তক পাওয়া গিয়াছে। ইতিমধ্যে প্রত্যেক বিদ্যালয়ে পৌছে দেওয়া হয়েছে আগামী ০১/০১/২০২২ তারিখে সকল শিক্ষার্থীর হাতে মুজিববর্ষের লগু সংস্বলিত বই মাননীয় প্রধানমন্ত্রীর উপহার হিসাবে বিতরণ করা হবে। আগামী ০১/০১/২০২২ হতে প্রি প্রাইমারী হতে পঞ্চম শ্রেনী পর্ষন্ত ভর্তি কার্য্যক্রম শুরু হবে । তাদের বয়স ০৫ বছর ০১ দিন হবে তাদেরকে প্রি প্রাইমারীতে এবং যাদের বয়স ০৬ বছর ০১ দিন হবে তাদেরকে প্রথম শ্রেনীতে আগামী ২৮ ফেব্রুয়ারী পর্ষন্ত ভর্তি করা যাবে। এক্ষেত্রে জন্ম নিবন্ধন সনদ অবশ্যই ইউপি চেয়াম্যান কর্তৃক প্রদান করা হতে হবে। আলোচনার রেশ ধরে সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব চৌধুরী আবদুল্লাহ আল মাহমুদ মহোদয় বলেন যে মাননীয় জেলা প্রশাসক সুনামগঞ্জ মহোদয়ের নির্দেশনায় মান সম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিত করতে প্রত্যেক বিদ্যালয়ে মডেল স্কুল হিসাবে রুপান্তরের লক্ষ্যে আমার স্কুল আমার স্বপ্ন নামে একটি বিশেষ উদ্যোগে প্রত্যেক বিদ্যালয়ে পরিদর্শন ও তদারকি করানের জন্য প্রত্যেক অফিসার ও জনপ্রতিনিধির সমন্বয়ে একটি পরিদর্শন টিম গঠন করার জন্য সভায় প্রস্তাব করেন। কামারগাঁও একটি বিশেষ অঞ্চল খ্যাত বলে তাদেরকে শিক্ষা শিক্ষিত করার লক্ষ্যে একটি বয়স্ক শিক্ষা রাত্রি কালীন কার্য্যক্রম চালু করার জন্য প্রস্তাব করেন।<br><br>সিদ্ধান্ত: সকল অভিভাবকদের উপস্থিতিতে বই বিতরণ নিশ্চিত করতে হবে। পরিষ্কার পরিচন্নতার দিকে বিশেষ দৃষ্টি রাখতে হবে। করোনা সংক্রান্ত কোন উপসর্গ দেখা দিলে তাৎক্ষনিক ভাবে সরকারের নির্দেশনা মোতাবেক ব্যবস্থা নিতে হবে। আমার স্কুল আমা স্বপ্ন নামে বিশেষ উদ্যোগের জন্য অফিসার ও জনপ্রতিনিধি সকলকে পরিদর্শনের জন্য দায়িত্ব দেওয়া হয়। কামারগাঁও গ্রামে একটি রাত্রিকালীন নৈশ ও বয়স্ক বিদ্যালয় স্থাপনের জন্য উপজেলা পরিষদ ফান্ড হতে স্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, শাল্লা। |
| | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস:উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার অনুপস্থিত থাকায় তাদের বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায় নাই।<br><br>সিদ্ধান্ত: উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা একাডেমিক সুপারভাইজার |
| | উপজেলা মহিলা বিষয়ক অফিস: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি জনাব মো: আবু তাহের মিয়া সভায় জানান যে, তাদের বিভাগীয় কাযক্রম ভালভাবে চলছে। আপাতত কোন সমস্যা নাই।<br><br>সিদ্ধান্ত: মহিলা বিষয়ক বিভাগীয় কার্যক্রমে আরো গতিশীলতা আননয়ের জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক অফিস, শাল্লা |
| | উপজেলা মৎস্য অফিস: অনুপস্থিত<br><br>সিদ্ধান্ত: সাধারণসভায় নিয়মিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য অফিসার, শাল্লা। |

| | | |
|---|---|---|
| | উপজেলা সমাজ সেবা অফিস: উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে,বয়স্ক বিধবা ও প্রতিবন্ধী ভাতাভোগীদের ভাতার প্রথম ও ২য় কিস্তির সমুদয় অর্থ ডিসেম্বর ২০২১ এর মধ্যে তাতে স্ব-স্ব একাউন্টে জিটুপির মাধ্যমে প্রেরণ করা হইয়াছে। শতভাগ ভাতা বাস্তবায়নের ভিত্তিতে মুজিব বর্ষ উপলক্ষ্যে জাগরিনী সপ্তাহ ১৪ থেকে ২১ ডিসেম্বর উদযাপন করা হয় এবং ক্ষুদ্র ঋণ কাযক্রম বাস্তবায়ন করতে জোর প্রদান করার জন্য আলোচনা করা হয়।<br><br>সিদ্ধান্ত: রোগী কল্যান সমিতির পক্ষ হতে ২,১১,০০০/- টাকা নগদ ও ওযুধ বিতরণ করার জন্য ব্যবস্থা গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজ সেবা, অফিসার, শাল্লা। |
| | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, টিআর ও কাবিটা সাধারণ ও নির্বাচনী বরাদ্দের প্রকল্প তালিকা অনুমোদনের জন্য জেলায় প্রেরণ করা হবে। অনুমোদন পাওয়া সাপেক্ষে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে কাজ সম্পন্ন করা যেতে পারে মর্মে সভাকে অবহিত করেন। অতি দরিদ্রের জন্য কর্মসংস্থান কর্মসূচি ২০২১-২০২২ অর্থ বছরের জন্য বরাদ্দ পাওয়া গিয়াছে। ইউনিয়ন ওয়ারী বিভাজন পূর্বক উপকারভোগীর তালিকা ও প্রকল্প তালিকা চেয়ে পত্র দেওয়া হয়েছে। অদ্যাবধি পর্যন্ত কোন ইউনিয়ন হতে উপকারভোগীর তালিকা ও প্রকল্প তালিকা এখন পর্যন্ত পাওয়া যায়নি। উপকারভোগীদের নিজ ভোটার আইডি সাপেক্ষে মোবাইল সিম থাকতে হবে এবং সিমে রকেটে একাউন্ট থাকবে।<br><br>সিদ্ধান্ত: ইউপি নির্বাচনের পর ইউপি সদস্যদের শপথ গ্রহনের পূর্বে সাবেক চেয়ারম্যান মেম্বারদের মাধ্যমে প্রকল্প বাস্তবায়ন কমিটি অনুমোদন সাপেক্ষে প্রকল্পগুলো বাস্তবায়ন করতে হবে। উপকারভোগীর তালিকা ও প্রকল্প তালিকা দ্রুত প্রেরণের জন্য সভায় সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস,শাল্লা। |
| | উপজেলা খাদ্য বিভাগ: উপজেলা খাদ্য পরিদর্শক জানান যে, আমন ধান সংগ্রহ ২০২১-২০২২ এ বরাদ্দ প্রাপ্ত ~~২০১৪~~ ২১৪ মে:টন ধান সংগ্রহ সফল ভাবে করার লক্ষ্যে উপজেলা সংগ্রহ কমিটি সভা অনুষ্ঠিত হয়। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।<br><br>সিদ্ধান্ত: উপজেলা কৃষি অফিস প্রদত্ত তালিকা থেকে প্রকৃত কৃষকের নিকট থেকে আমন ধান সংগ্রহের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য অফিসার, শাল্লা |
| | উপজেলা সমবায় বিভাগ: উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে,তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে। আপাতত কোন সমস্যা নাই।<br><br>সিদ্ধান্ত : সমবায় বিভাগের কার্যক্রম আরো গতিশীল করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার,শাল্লা |
| | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ: জনস্বাস্থ্য কর্মকর্তা জানান যে,তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে। আপাতত কোন সমস্যা নাই।<br><br>সিদ্ধান্ত: জনস্বাস্থ্য বিভাগের কার্যক্রম আরো গতিশীল করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য |
| | পল্লী সঞ্চয় ব্যাংক: পল্লী সঞ্চয় ব্যাংকের শাখা ব্যবস্থাপক সভায় জানান যে ১১০ টি সমিতি তাদের অনুকুলে শাল্লা উপজেলায় রয়েছে। তাদের সমিতির সদস্য সংখ্যা প্রায় ৫৬০০ জনের মত। মূল ঋণ বিতরণ প্রায় ৬,৭০,০০০০০/- (ছয় কোটি সত্তর লক্ষ) আদায়ের হার ৬৫% এবং ঋণ খেলাপির হার ৪৭%।<br><br>সিদ্ধান্ত: উপজেলা পরিষদ ও উপজেলা প্রশাসনের সার্বিক সহযোগিতায় আগামীতে ব্যাংকের কার্যক্রম আরো ভালভাবে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | পল্লী সঞ্চয় ব্যাংক |
| | পল্লী উন্নয়ন বিভাগ: পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে,তাদের বিভাগীয় কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। সমিতি গঠন সঞ্চয় আদায় ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত রয়েছে। জোড়াবাড়ি মেরামত বাবদ প্রাক্কলন উপজেলা প্রকৌশলীর নিকট হতে প্রাপ্ত হয়েছে। সেই মোতাবেক জোড়াবাড়ির মেরামত কাজ শ্রীঘ্রই শুরু করা হবে। | পল্লী উন্নয়ন বিভাগ |

| | | |
|---|---|---|
| | সিদ্ধান্ত: উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রস্তুতকৃত প্রাক্কলন মোতাবেক জোড়াবাড়ির মেরামত কাজ করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার শাল্লাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | বিবিধ: চেয়ারম্যান উপজেলা পরিষদ, শাল্লা, সুনামগঞ্জ জানান যে, জনাব চৌধুরী আবদুল্লাহ আল মাহমুদ, চেয়ারম্যান উপজেলা পরিষদ, শাল্লার ১৬/০৫/২০১৯খ্রি. মে মাস থেকে ৩১/১২/২০২১খ্রি. পর্যন্ত সময়ের ভ্রমনভাতা বিল বাবদ মোট ২,৭৫,৬২৫/-, জনাব অমিতা রানী দাশ, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ শাল্লার ১৬/০৫/২০১৯খ্রি. মে মাস থেকে ৩১/১২/২০২১খ্রি.পর্যন্ত ভ্রমনভাতা বিল বাবদ মোট ২,২০,৫০০/-, জনাব দিপু রঞ্জন দাশ, ভাইস চেয়ারম্যান, শাল্লার এর ১৬/০৫/২০১৯খ্রি. মে মাস থেকে ৩১/১২/২০২১খ্রি.পর্যন্ত ভ্রমনভাতা বিল বাবদ মোট ২,২০,৫০০/-, টাকার ভ্রমন ব্যয় বিল দাখিল করা হয়েছে। সভায় বিলগুলো উপস্থাপন করা হয়। বিস্তারিত আলোচনান্তে বিলগুলো অনুমোদিত ও গৃহীত হয়।<br><br>সিদ্ধান্ত: চেয়ারম্যান উপজেলা পরিষদ, শাল্লা কর্তৃক উপস্থাপিত বিল গুলো জনাব চৌধুরী আবদুল্লাহ আল মাহমুদ, চেয়ারম্যান উপজেলা পরিষদ, শাল্লা ১৬/০৫/২০১৯খ্রি. মে মাস থেকে ৩১/১২/২০২১খ্রি. পর্যন্ত সময়ের ভ্রমনভাতা বিল বাবদ মোট ২,৭৫,৬২৫/-, জনাব অমিতা রানী দাশ,মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ শাল্লার ১৬/০৫/২০১৯খ্রি. মে মাস থেকে ৩১/১২/২০২১খ্রি.পর্যন্ত ভ্রমনভাতা বিল বাবদ মোট ২,২০,৫০০/-, জনাব দিপু রঞ্জন দাশ, ভাইস চেয়ারম্যান এর ১৬/০৫/২০১৯খ্রি. মে মাস থেকে ৩১/১২/২০২১খ্রি.পর্যন্ত ভ্রমনভাতা বিল বাবদ মোট ২,২০,৫০০/-, টাকার ভ্রমন ব্যয় বিল দাখিল করা হয়েছে। বিলগুলো সর্বসম্মিতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয় এবং সমোদয় ভ্রমনভাতা বিলের টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসার, শাল্লা ও চেয়ারম্যান উপজেলা পরিষদ, শাল্লাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | বাস্তবায়নে উপজেলা নির্বাহী অফিসার, শাল্লা ও চেয়ারম্যান উপজেলা পরিষদ, শাল্লা |

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

চৌধুরী আব্দুল্লাহ আল-মাহমুদ
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
শাল্লা, সুনামগঞ্জ।

স্মারক নং: ০৫.৪৬.৯০১১.০০০.৩৩.০০৪.২১- ৪৮৭

তারিখ: ১৫ পৌষ ১৪২৮ বাংলা / ৩০ ডিসেম্বর ২০২১ খ্রি:

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
০২। ড.জয়াসেন গুপ্তা, জাতীয় সংসদ সদস্য, দিরাই-শাল্লা-২।
০৩। বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
০৫। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ।
০৬। অমিতা রানী দাস, মহিলা ভাইস চেয়ারম্যান, শাল্লা, সুনামগঞ্জ।
০৭। দীপু রঞ্জন দাস, ভাইস চেয়ারম্যান, শাল্লা, সুনামগঞ্জ।
০৮। উপজেলা -------------- অফিসার, শাল্লা, সুনামগঞ্জ।
০৯। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, সকল, শাল্লা, সুনামগঞ্জ।
১০। জনাব ---------------------------------- সদস্য।

(মোঃ আল-মুক্তাদির হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
শাল্লা, সুনামগঞ্জ।